JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/11/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্কের ইলেকট্রিক গ্রিডের আধুনিকীকরণে সহায়তা করার জন্য 15 মিলিয়ন মার্কিন ডলারের ফিউচার গ্রিড ঘোষণা করেছেন

প্রযুক্তিগুলির জন্য চ্যালেঞ্জ এলাকা প্রতি 3 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত উপলভ্য যা ইউটিলিটিগুলিকে শক্তি সঞ্চালন ও বিতরণ সিস্টেমের চ্যালেঞ্জগুলি মোকাবেলা করতে সহায়তা করে

প্রকল্প নিউ ইয়র্কের আগ্রাসী গ্রীন নিউ ডিল (New York's Aggressive Green New Deal)-কে সমর্থন করে যা নিউ ইয়র্ক স্টেটকে কার্বন নিরপেক্ষতার পথে রাখে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ 15 মিলিয়ন মার্কিন ডলারের ফিউচার গ্রিড চ্যালেঞ্জের জন্য অর্থায়নের প্রথম রাউন্ড ঘোষণা করেছেন, যা নিউ ইয়র্কের ইলেকট্রিক গ্রিডে নবায়নযোগ্য শক্তির সংস্থানগুলিকে সংহত করার সময় ইউটিলিটিগুলো পরিচালন এবং বিতরণের ক্ষেত্রে যেসকল চ্যালেঞ্জের মুখোমুখি হয় সেগুলি সমাধান করার জন্য একটি প্রকল্প। গ্রিডের আধুনিকীকরণ গভর্নরের 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য বিদ্যুৎ এবং 2040 সালের মধ্যে কার্বনমুক্ত পাওয়ার গ্রিড সম্পর্কিত দেশের শীর্ষস্থানীয় ম্যান্ডেটকে সমর্থন করে যেটি আইনসভায় সদ্য পাস হওয়া ঐতিহাসিক আইন, নিউ ইয়র্ক স্টেট ক্লাইমেট লিডারশিপ অ্যান্ড কমিউনিটি প্রোটেকশন অ্যাক্ট (New York State Climate Leadership and Community Protection Act)-এ অন্তর্ভুক্ত রয়েছে।

"নিউ ইয়র্ক জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাচ্ছে এবং প্রতিকূল আবহাওয়ার ক্ষেত্রে আরও স্থিতিশীলতা এবং নির্ভরযোগ্যতাকে অগ্রাধিকার দেয়", **গভর্নর কুওমো বলেন।** "এই বিনিয়োগগুলি ভবিষ্যতের একটি গ্রিড তৈরি করতে বাতাস এবং সৌর এর মতো নবায়নযোগ্য শক্তিসমূহ যুক্ত করবে যা স্টেটজুড়ে কমিউনিটিসমূহের চাহিদাবলী পূরণে কাজ করবে এবং আমাদেরকে একটি পরিষ্কার, সম্পূর্ণ কার্বন-মুক্ত পাওয়ার গ্রিডের দিকে চালিত করবে।"

"সর্বাধুনিক প্রযুক্তিগত অগ্রগতি ব্যবহার করে নিউ ইয়র্ক নবায়নযোগ্য শক্তিগুলিকে সংহত করে, কার্বন নির্গমন বন্ধ করে এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য আমাদের প্রাকৃতিক সম্পদগুলি সুরক্ষিত করার মাধ্যমে আমাদের পরিচ্ছন্ন শক্তি এবং জলবায়ু লক্ষ্যগুলি এগিয়ে নেওয়া অব্যাহত রাখবে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এই ঘোষণা ভবিষ্যতের গ্রিড তৈরির জন্য প্রয়োজনীয় সকল অবকাঠামোর বিকাশ ও বজায় রাখার প্রতিশ্রুতি প্রদর্শন করে এবং স্টেটব্যাপী ক্লিনার, গ্রীন শক্তির উন্নয়ন করে।"

নিউ ইয়র্ক স্টেট অ্যানার্জি রিসার্চ ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research Development Authority, NYSERDA) কর্তৃক পরিচালিত ফিউচার গ্রিড চ্যালেঞ্জ গ্রিড প্রযুক্তি কোম্পানি এবং গবেষণা প্রতিষ্ঠানগুলিকে তহবিল সরবরাহ করবে যা স্মার্ট প্রযুক্তি এবং শক্তির সঞ্চয়স্থানের অন্তর্ভুক্তির জন্য বৃহত্তর সময়োপোযোগী সিস্টেম ডেটার প্রয়োজনীয়তাসমূহ থেকে শুরু করে পাওয়ার গ্রিডে শক্তি সঞ্চয়ের পরিকল্পনা ও পরিচালনায় চ্যালেঞ্জগুলি মোকাবেলা করবে। এই উদ্যোগে দুইটি রাউন্ড থাকবে যেখানে প্রতিটি রাউন্ড বিভিন্ন চ্যালেঞ্জ এলাকাকে শনাক্ত করবে।

NYSERDA-এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যালিসিয়া বার্টন বলেন, "2040 সালের মধ্যে 100% কার্বন-মুক্ত বিদ্যুতের রূপান্তরের জন্য আমাদের সোলার, স্টোরেজ এবং বায়ু হিসেবে নবায়নযোগ্য শক্তির স্থাপনা স্থাপন করার জন্য উদ্ভাবনী গ্রিড আধুনিকীকরণ প্রযুক্তিগুলিতে ফিউচার গ্রিডের অধীনে অব্যাহত বিনিয়োগের প্রয়োজন। গভর্নর কুওমোর অধীনে নিউ ইয়র্ক পরিচ্ছন্ন অ্যানার্জি সমাধানগুলির অগ্রগতির প্রতিশ্রুতিতে দৃঢ়ভাবে অটল রয়েছে এবং এই চ্যালেঞ্জটি পাওয়ার গ্রিডের সাথে ইন্টারফেস এবং পরিচালনায় সম্মুখীন হওয়া বেশিরভাগ জটিল শক্তির চ্যালেঞ্জগুলির ক্ষেত্রে অগ্রগামী ভাবনাসমূহকে শনাক্ত করতে সহায়তা করবে।"

এই প্রথম রাউন্ডের অর্থায়নে কন এডিসন (Con Edison) এবং অরেঞ্জ অ্যান্ড রকল্যান্ড (Orange & Rockland, O&R)-এর সাথে অংশীদারীত্বের ভিত্তিতে কাজ করা প্রকল্পসমূহের জন্য 6 মিলিয়ন মার্কিন ডলারসহ প্রযুক্তিগত সমাধানগুলির উন্নয়নে সহায়তা করতে প্রতি ইউটিলিটি চ্যালেঞ্জের জন্য 3 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য রয়েছে। প্রস্তাবনাসমূহের যেসব বিষয়ের উপর ফোকাস করা উচিত:

- কন এডিসন উন্নত ডিস্ট্রিবিউটেড অ্যানার্জি রিসোর্স (Distributed Energy Resource, DER) পর্যবেক্ষণ, নিয়ন্ত্রণ, ডেটা বিশ্লেষণ এবং উন্নত পূর্বাভাসে সহায়তা করা
- বিতরণকৃত উপকরণসমূহের সংহতকরণ, গ্রিডের স্থায়ীত্ব বৃদ্ধি এবং সিস্টেম লস হ্রাস বিরতিহীন অন্তর্ভুক্তি প্রদানে স্মার্ট ইনভার্টার কার্যক্রমের উন্নয়নে অরেঞ্জ অ্যান্ড রকল্যান্ডকে সহায়তা করা

প্রস্তাবনাসমূহ 9 অক্টোবর, 2019 তারিখের মধ্যে জমা দিতে হবে। অবশিষ্ট তহবিল 2019 সালে পরবর্তী নতুন চ্যালেঞ্জ এবং ইউটিলিটি শনাক্ত এবং অন্তর্ভুক্তকরণ প্রোগ্রামের দ্বিতীয় রাউন্ডের মাধ্যমে উপলভ্য করা হবে।

এই গুরুত্বপূর্ণ উদ্যোগের জন্য প্রস্তুত হতে NYSERDA এর স্মার্ট গ্রিড দল নিউ ইয়র্কের কন এডিসন, সেন্ট্রাল হাডসন গ্যাস অ্যান্ড ইলেকট্রিক (Central Hudson Gas & Electric), ন্যাশনাল গ্রিড (National Grid), নিউ ইয়র্ক স্টেট ইলেকট্রিক অ্যান্ড গ্যাস (New York State Electric and Gas), রোচেস্টার গ্যাস অ্যান্ড ইলেকট্রিক (Rochester Gas and Electric) এবং অরেঞ্জ অ্যান্ড রকল্যান্ড সদস্যদের সাথে কাজ করেছে। একসঙ্গে, এই ইউটিলিটিসমূহ নিউ ইয়র্ক স্টেট জুড়ে 13 মিলিয়ন পরিবার, ব্যবসা, এবং সরকারী প্রতিষ্ঠানের জন্য বৈদ্যুতিক পরিষেবা সরবরাহ করে। প্রতিটি নির্দিষ্ট চ্যালেঞ্জ ইউটিলিটিগুলির সাথে অংশীদারিত্বের ভিত্তিতে প্রণীত হয়েছিল এবং প্রতিটি

ইয়টিলিটি তাদের নিজ নিজ চ্যালেঞ্জের জন্য নির্বাচন কমিটিতে অংশগ্রহণ করবে। একটি পুরস্কারের জন্য যোগ্য হতে জমা দেওয়া প্রস্তাবগুলিকে বিশেষভাবে নির্বাচিত ইউটিলিটিগুলোর জন্য চিহ্নিত অনন্য চ্যালেঞ্জগুলি মোকাবেলা করতে হবে।

সিনেটর কেভিন এস. পার্কার, সিনেট এনার্জি ও টেলিকমিউনিকেশনস কমিটির (Senate Energy and Telecommunications Committee) চেয়ারম্যান বলেন, "গভর্নর কুওমোর নেতৃত্বের অধীনে নিউ ইয়র্কের আসন্ন প্রজন্মের জন্য পরিচ্ছন্ন ও টেকসই শক্তি অর্জন এবং আমাদের প্রাকৃতিক সম্পদ সংরক্ষণের পথে নিউ ইয়র্ক নেতৃত্ব দিয়েছে। আজকের ঘোষণা এবং স্টেটের চলমান প্রতিশ্রুতি নিশ্চিত করবে যে জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে যুদ্ধে নিউ ইয়র্ক সর্বাগ্রে রয়েছে।"

অরেঞ্জ অ্যান্ড রকল্যান্ড প্রকল্প পরিচালক, স্মার্ট গ্রিড - বেন ব্রাউন বলেন, "O&R এবং NYSERDA এর প্রকল্পগুলির অংশীদারিত্বের একটি দীর্ঘ ইতিহাস রয়েছে যা পরবর্তী প্রজন্মের নজরদারি ও নিয়ন্ত্রণে ইউটিলিটি শিল্পকে আনয়নকারী অত্যাধুনিক প্রযুক্তির গবেষণা ও উন্নয়ন সাধন করেছে। ভবিষ্যত গ্রিড চ্যালেঞ্জ এই অংশীদারিত্বের আরেকটি উদাহরণ। এই প্রকল্পের ফলাফলগুলি আমাদের ইউটিলিটি এবং সামগ্রিকভাবে ইউটিলিটি শিল্পকে স্মার্ট ইনভার্টার প্রযুক্তি এবং এইসকল ইনভার্টার বিতরণ পদ্ধতিতে যে সুবিধাগুলি আনয়ন করতে পারে তা আরো ভালোভাবে বোঝার সুযোগ দেবে।"

"ফিউচার গ্রিড চ্যালেঞ্জে আমাদের অংশগ্রহণ আমাদের নতুন গ্রাহকদের নবায়নগুলি চয়ন করার জন্য আরও সহজ এবং আরও উপকারী হতে সহায়তা করার জন্য উদ্ভাবনী সমাধানগুলি সরবরাহ করবে", **কন এডিসনের, কাস্টমার অ্যানার্জি সলিউশন, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ম্যাথু কেটসকে বলেন।** "এই প্রোগ্রামটি নিউ ইয়র্ক স্টেটের প্রাইভেট ও পাবলিক সেক্টরগুলির একটি উদাহরণ যে আমরা পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যত তৈরির জন্য অপরিহার্য আধুনিক গ্রিড তৈরি করতে একসাথে কাজ করছি।"

ফিউচার গ্রিড চ্যালেঞ্জ ফান্ডিং পূর্বে ঘোষিত অন্যান্য NYSERDA স্মার্ট গ্রিড ফান্ডিংয়ের এর পরিপূরক যার মধ্যে বিদ্যুৎ গ্রিডের পণ্য বা প্রযুক্তির উন্নয়নে সহায়তার জন্য ঘোষিত 30 মিলিয়ন ডলার সহ গ্রিডে নবায়নযোগ্য সংস্থানগুলির সংযোগ উন্নত এবং সমর্থন করার জন্য উপলভ্য 5 মিলিয়ন মার্কিন ডলার।

NYSERDA এর স্মার্ট গ্রিড প্রোগ্রামটি নিউ ইয়র্ক স্টেটের নতুন প্রযুক্তিসমূহ সংহত করার মাধ্যমে নিউ ইয়র্কের বিদ্যুত গ্রিডের আধুনিকায়নের উন্নয়নের লক্ষ্যসমূহের উপর মনোনিবেশ করে। 2016 সাল থেকে, গ্রিড প্রযুক্তি সংস্থাগুলি এবং গবেষণা সংস্থার 55 টি চুক্তির অধীনে এই প্রোগ্রামটি প্রায় 25 মিলিয়ন ডলার প্রদান করেছে। নিউ ইয়র্কের গ্রিড আধুনিকায়নে সহায়তা করার জন্য 2022 সালের মধ্যে ক্লিন এনার্জি ফান্ড গ্রিড আধুনিকীকরণ বিনিয়োগ পরিকল্পনার অধীনে মোট 110 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে। সাম্প্রতিক প্রকল্পগুলিতে বায়ু এবং সৌর শক্তি আরও কার্যকরভাবে সংহতকরণের জন্য কম খরচে উচ্চ-নির্ভুলতা সম্পন্ন গ্রিড সেন্সর, মডেলিং এবং সিমুলেশন সরঞ্জাম এবং উন্নত প্রকৌশল সমাধান অন্তর্ভুক্ত রয়েছে। NYSERDA এর ওয়েবসাইটে আরও জানুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন